



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৫ সেপ্টেম্বর' ২০২৩ খ্রি.

জলাবদ্ধতা থেকে সড়ক বাঁচাতে হবে: মেয়র রেজাউল

সড়ক নির্মাণের ক্ষেত্রে জলাবদ্ধতা থেকে সড়ক রক্ষার বিষয়ে সতর্ক থাকতে বলেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো রেজাউল করিম চৌধুরী।

সোমবার সাত কোটি ৮০ লাখ টাকা ব্যয়ে হালিশহর এসি মসজিদ থেকে ওয়াপদা রোডে সড়ক নির্মাণের কাজ পরিদর্শনকালে মেয়র বলেন, বিটুমিনের প্রধান শক্তি পানি। পানি জমে থাকলে বিটুমিন ক্ষয় হয়ে রাস্তা নষ্ট হয়। এজন্য সড়ক নির্মাণের ক্ষেত্রে পানি যাতে কোনভাবেই না জমে থাকে পরিকল্পনা ও বাস্তবায়নে সে বিষয়টি নিশ্চিত করতে হবে। এরপর মেয়র কাউণ্টিপিলর নুরুল আমিনকে সাথে নিয়ে সরাইপাড়া এলাকায় চলমান থকলগুলো পরিদর্শন করেন।

এসময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র আবদুস সবুর লিটন, কাউণ্টিপিলর হরে আরা বিউটি, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুনিরুল হুদা, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, নির্বাহী প্রকৌশলী জসিম উদ্দিন, আনোয়ার জাহান, আশিকুল ইসলাম, সহকারী প্রকৌশলী কামরুল হাসান।

### ক্যাপশন নিউজ

উন্নয়ন সংস্থা ঝুঁঘরার্স ফিলান্থ্রোপিস ইনিশিয়েটিভ ফর গ্লোবাল রোড সেফটি'র (বিআইজিআরএস) একটি প্রতিনিধি দল চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর সাথে রোববার দুপুরে টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করে। এসময় তারা মেয়রের কাছে 'চট্টগ্রাম শহর সড়ক নিরাপত্তা প্রতিবেদন ২০২০-২২' হস্তান্তর করেন। প্রতিনিধি দলে ভাইটাল স্ট্র্যাটেজিসের এশিয়া অঞ্চলের সিনিয়র টেকনিক্যাল অ্যাডভাইজার মাইরিক পালা, বিআইজিআরএস-এর ঢাকা উন্নর সিটির ইনিশিয়েটিভ কোঅর্ডিনেটর আব্দুল ওয়াব্দুদ, চট্টগ্রাম ইনিশিয়েটিভ কোঅর্ডিনেটর লাবিব তাজওয়ান উৎসব, এনফোর্সমেন্ট কোঅর্ডিনেটর কাজী হেলাল উদ্দিন, সার্ভেইল্যাঙ্স কোঅর্ডিনেটর কাজী সাইফুল নেওয়াজ উপস্থিত ছিলেন। আরো উপস্থিত ছিলেন চসিকের কাউণ্টিপিলর সলিম উল্যাহ বাচ্চু, সচিব খালেদ মাহমুদ, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮